গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর কমিশনারের কার্যালয়
কর অঞ্চল-১২, ঢাকা।
৩/৪, পুরানা পল্টন, মদিনা টাওয়ার (৩য় তলা), ঢাকা-১০০০।
www.taxeszone12dhaka.gov.bd

নথি নং-১ই-৩/কঃঅঃ-১২/২০২২-২০২৩/২২২১ তারিখ ঃ ২৩/০২/২০২৩ খ্রি.

# "নিয়োগ বিজ্ঞপ্তি"

অর্থ মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, শাখা-৩(আয়কর) এর স্মারক নম্বর: ০৮.০০.০০০০.০৩৭.১১.০০১.১৯.২৬৬/১, তারিখ: ১৮/০৭/২০২২ খ্রিঃ. অনুযায়ী প্রাপ্ত ছাড়পত্রের ভিত্তিতে কর কমিশনার, কর অঞ্চল-১২, ঢাকা এর অধীনে গ্রেড-১১ হতে গ্রেড-২০ পর্যন্ত বিভিন্ন শূণ্য পদে সরাসরি কোটায় অস্থায়ী জনবল নিয়োগের লক্ষ্যে ঢাকা বিভাগের অন্তর্গত নিম্নে বর্ণিত জেলাসমূহের প্রকৃত স্থায়ী বাসিন্দাদের নিকট হতে পদের পার্শ্বে বর্ণিত যোগ্যতা সম্পন্ন প্রার্থীদের শর্ত সাপেক্ষে অনলাইনে দরখাস্ত আহ্বান করা যাচ্ছেঃ

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী) | শূণ্য পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা | ঢাকা সিভিল ডিভিশনের (ঢাকা বিভাগ) যে সকল জেলার বাসিন্দা/নাগরিকগণ আবেদন করতে পারবেন। |
|---|---|---|---|---|
| ০১। | কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১১<br>১২,৫০০-৩০,২৩০/- | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান বিভাগে স্নাতক বা সমমানের ডিগ্রি পরীক্ষায় উত্তীর্ণ।<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলা ও ইংরেজীতে যথাক্রমে ২৫ ও ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হতে হবে। | ঢাকা সিভিল ডিভিশনের (ঢাকা বিভাগ) মানিকগঞ্জ জেলা ব্যতীত অন্যান্য সকল জেলা।<br><br>তবে এতিম ও শারিরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ঢাকা বিভাগের সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ০২। | ব্যক্তিগত সহকারী<br>গ্রেড-১৩<br>১১,০০০-২৬,৫৯০/- | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ; এবং<br>(গ) সাঁটলিপি লিখনে গতি প্রতি মিনিটে বাংলায় ৫০ ও ইংরেজীতে ৮০ শব্দ এবং কম্পিউটার টাইপিং গতি মিনিটে বাংলায় ২৫ ও ইংরেজীতে ৩০ শব্দ। | |
| ০৩। | উচ্চমান সহকারী<br>গ্রেড-১৪<br>১০,২০০ - ২৪,৬৮০/- | ০২(দুই) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটারে বেসিক ট্রেনিং কোর্সে উত্তীর্ণ (কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে কম্পিউটার চালনা সম্পর্কিত কোর্স)। | |
| ০৪। | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪<br>১০,২০০ - ২৪,৬৮০/- | ০৫(পাঁচ) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএতে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) সাঁটলিপি লিখনে গতি প্রতি মিনিটে বাংলায় ৪৫ ও ইংরেজীতে ৭০ শব্দ এবং কম্পিউটার টাইপিং গতি মিনিটে বাংলায় ২৫ ও ইংরেজীতে ৩০ শব্দ। | |
| ০৫। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>৯,৩০০ - ২২,৪৯০/- | ০৪ (চার) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের জিপিএতে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার ব্যবহারে দক্ষতা; এবং<br>(গ) কম্পিউটারে বাংলা ও ইংরেজী টাইপিং গতি যথাক্রমে ২০ ও ২০ শব্দ। | |
| ০৬। | গাড়ী চালক<br>গ্রেড-১৬<br>৯,৩০০ - ২২,৪৯০/- | ০৫ (পাঁচ) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) হালকা গাড়ী চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে;<br>(গ) অভিজ্ঞতাসম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাবেন | |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭। | নোটিশ সার্ভার<br>গ্রেড-২০<br>৮,২৫০ - ২০,০১০/- | ০৫ (পাঁচ) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | ঢাকা সিভিল ডিভিশনের (ঢাকা বিভাগ) মানিকগঞ্জ ও গোপালগঞ্জ জেলা ব্যতীত অন্যান্য সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br>তবে এতিম ও শারিরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে ঢাকা বিভাগের সকল জেলার প্রার্থী আবেদন করতে পারবেন। |
| ০৮। | অফিস সহায়ক<br>গ্রেড-২০<br>৮,২৫০ - ২০,০১০/- | ০৯ (নয়) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |
| ০৯। | নিরাপত্তা প্রহরী<br>গ্রেড-২০<br>৮,২৫০ - ২০,০১০/- | ০২ (দুই) টি | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। | |

**নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:**

**০১. প্রার্থীর বয়স :**

(ক) ১ জানুয়ারি ২০২৩ খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বৎসর এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাগণের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের বয়সসীমা ১৮-৩২ বৎসর।

(খ) 'জনপ্রশাসন মন্ত্রণালয়ের' বিধি-১ শাখা এর ২২ সেপ্টেম্বর, ২০২২ তারিখের নথি নং ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ অনুযায়ী' ২৫-০৩-২০২০ খ্রি. তারিখে সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলে উক্ত প্রার্থীগণ আবেদন করার সুযোগ পাবেন।

(গ) সাঁট-মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ও অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদের বিপরীতে কর বিভাগে কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৪০ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।

০২. সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে নিয়োজিত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করবেন। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

০৩. প্রার্থী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা বা পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনপত্রে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

০৪. সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী কোটা সংরক্ষণ করা হবে।

**০৫. প্রার্থীর যোগ্যতা যাচাই :**

প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক- ক হতে জ পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত সকল সনদের ছায়ালিপি দাখিল করতে হবে।

(ক) প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদ)।

(খ) প্রার্থী যে ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড এর বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র।

(গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।

(ঘ) মহিলা কোটা ব্যতীত অন্যান্য কোটা দাবীর সমর্থনে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণক।

(ঙ) জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি।

(চ) Online এ পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicant's Copy) ও (Admit Card)

(ছ) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা কিংবা বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদপত্র এবং আবেদনকারীর সাথে ধারাবাহিকতার সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র।

(জ) শারীরিক প্রতিবন্ধী, এতিম ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ।

৬. লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষার তারিখ ও সময়সূচি কর অঞ্চল-১২, ঢাকার নোটিশ বোর্ড ও ওয়েবসাইটের www.taxeszone12dhaka.gov.bd মাধ্যমে জানানো হবে এবং প্রার্থীদের ব্যক্তিগত মুঠোফোনে SMS এর মাধ্যমে জানানো হবে।

৭. লিখিত/ব্যবাহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৮. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৯. নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

১০. নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূন্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে। এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ সংশোধন/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

**১১. অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয় :**

(ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ http://tax12.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও জমাদান শুরুর তারিখ ও সময় ০১ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ সকাল-১০:০০ ঘটিকা।

(ii) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৫ মার্চ ২০২৩ খ্রিষ্টাব্দ বিকাল-০৫:০০ ঘটিকা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এ SMS-এ মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তাঁর রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৩০০ pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০× প্রস্থ ৮০ pixel) ও স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ, সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ ৬০ KB হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার **পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসাবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) **SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:** Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy-তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (Web-এ) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy-তে তার সাম্প্রতিক তোলা রঙ্গিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষরযুক্ত PDF কপি ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙ্গিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy-তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২(দুই) টি SMS করে আবেদন ফি বাবদ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত ছকে ১নং ক্রমিকের জন্য পরীক্ষার ফি বাবদ ৩০০/- (তিনশত) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ ৩৪/- টাকসহ মোট ৩৩৪/-(তিনশত চৌত্রিশ) টাকা, ২,৩,৪,৫ ও ৬নং ক্রমিকে জন্য পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা; Teletalk-এর সার্ভিস চার্জ ২৩/- টাকসহ মোট ২২৩/-(দুইশত তেইশ) টাকা এবং ৭, ৮ ও ৯নং ক্রমিকের জন্য ১০০/- (একশত) টাকা ও Teletalk-এর সার্ভিস চার্জ ১২/- টাকসহ মোট ১১২/-(একশত বারো) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

প্রথম SMS: TAX12<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: TAX12 ABCDEF & send to 16222
Reply: Applicant's Name, Tk-334/223/112 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type TAX12<space>Yes<space>PIN and Send to 16222.
দ্বিতীয় SMS: TAX12<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: TAX12 Yes 12345678 & send to 16222
Reply: Congratulations Applicant's Name, Payment Completed Successfully for TAX12 Application for (Post Name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxx).

(চ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://tax12.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিক অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ছ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিণ Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

(জ) শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে TAX12<space>Help<space>User<space>User ID & Send to 16222. Example: TAX12 Help User ABCDEF

(ii) Pin Number জানা থাকলে TAX12<space>Help<space>PIN<space>PIN & Send to 16222. Example: TZ12 Help PIN 12345678

(ঝ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও কর অঞ্চল-১২, ঢাকার ওয়েবসাইট www.taxeszone12dhaka.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.taxeszone12dhaka.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(ঞ) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@teletalk.com.bd বা taxzone12@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেজ https://facebook.com/alljobsbdteletalk এ মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject-এ Organization Name: Taxes Zone-12, Dhaka Post Name: ***, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

(ট) **ডিক্লারেশন:** প্রার্থীকে অনলাইন আবেদপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২. Online-এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৩. শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে Online এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

স্বাক্ষরিতঃ ২৩/০২/২০২৩ খ্রি.
(মোঃ মেহেদী মাসুদ ফয়সাল)
উপ কর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন)
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি
কর অঞ্চল-১২, ঢাকা।
ফোনঃ ০২-৪৭১১২২৪২